

AP
09.02.2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(সাধারণ শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০২.১৫- ১৭৪ (১২০)


তারিখ: ২৫ মাঘ ১৪২৩
০৭ ফেব্রুয়ারি ২০১৭

বিষয় : ফেব্রুয়ারি/২০১৭ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অংশগ্রহণ প্রসংগে।

সিলেট জেলার উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার জন্য আগামী ১৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির ফেব্রুয়ারি/২০১৭ মাসের সভা অনুষ্ঠিত হবে।

০২। সভায় তাঁর দপ্তরের উন্নয়ন কার্যক্রমের (যাদের জন্য প্রযোজ্য) সর্বশেষ অগ্রগতির তথ্যসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। উক্ত সভার কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত জানুয়ারি/২০১৭ মাসের কার্যবিবরণির স্ব স্ব দপ্তরের গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ উন্নয়ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি আগামী ১৫/০২/২০১৭ তারিখের মধ্যে সফটকপি (Microsoft word file এ Nikosh ফন্টে টাইপকৃত) ও স্বাক্ষরিত ডকুমেন্টের স্ক্যানকপি পিডিএফ ফরমেটে ই-মেইলে (generalsection304@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(হোসাইন মোহাম্মদ হাই জকী)

সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।

☎ ০৮২১-৭১৭৭৪৭ (অফিস)

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১., সিলেট।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
৪. চেয়ারম্যান (সকল) উপজেলা পরিষদ, সিলেট।
৫. মেয়র/প্রশাসক (সকল) সিলেট।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিলেট। সংশ্লিষ্ট চেয়ারম্যান/মেয়র/প্রশাসকগণসহ যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।
৭. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট। বর্ণিত তারিখে সভা অনুষ্ঠানের পূর্বে জেলা প্রশাসক মহোদয়ের সম্মেলন কক্ষ প্রস্তুত রাখা এবং ১২০ জন সদস্যের চা-নাস্তার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। সংশ্লিষ্ট সভায় মাইক সরবরাহসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৯. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, সিলেট। সংশ্লিষ্ট সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য স্থানীয় বেতারে বহল প্রচারের অনুরোধ করা হলো।
১০. সভাপতি, জেলা প্রেসক্লাব/সিলেট প্রেসক্লাব, সিলেট। বর্ণিত তারিখে সদস্যগণের সভায় উপস্থিত থাকার বিষয়টি ছোট পরিসরে স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১১. সহকারী কমিশনার, আইসিটি শাখা, সিলেট। জেলা প্রশাসনের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধ করা হলো।
১২. সহকারী কমিশনার (গোপনীয় শাখা), জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩. গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। অতিরিক্ত জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।